তারিখ ... 23 SEP 2015...
পৃষ্ঠা ...৪... কলাম ...২...

সংবাদ

# বার কাউন্সিলের ভাইস চেয়ারম্যান হলেন আবদুল বাসেত মজুমদার

নিজস্ব বার্তা পরিবেশক

সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী আবদুল বাসেত মজুমদার বাংলাদেশ বার কাউন্সিলের নতুন ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। গতকাল বার কাউন্সিলের সম্মেলন কক্ষে নবনির্বাচিত সদস্যদের এক সভায় তিনি ভাইস চেয়ারম্যান নির্বাচিত হন। বার কাউন্সিলের সচিব (জেলা ও দায়রা জজ) একেএম জহুরুল আলম সাংবাদিকদের এ তথ্য জানান। বার কাউন্সিলের চেয়ারম্যানের দায়িত্বে পদাধিকার বলে থাকেন অ্যাটর্নি জেনারেল। বর্তমান অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলমের সভাপতিত্বে বার কাউন্সিল ভবনে ওই সভা অনুষ্ঠিত হয়। গত ২৬ আগস্ট ভোটে ১৪ সদস্যের কাউন্সিলে আওয়ামী লীগ সমর্থকদের সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পর ভাইস চেয়ারম্যানের পদে বাসেত মজুমদার ও এম আমীর-উল ইসলামের নাম ঘুরেফিরে আসছিল। জ্যেষ্ঠ এই দুই আইনজীবীই আওয়ামী লীগের সঙ্গে সরাসরি সম্পৃক্ত। তবে আওয়ামী লীগ সমর্থক আইনজীবীদের বিভক্ত ধারায় এই দু'জনকে নেতৃত্ব দিতে দেখা গেছে। এবার নির্বাচনে বিভেদ কাটিয়ে অংশ নিয়ে ১৪ সদস্যের কাউন্সিলে ১১টি পদেই জয় পায় আওয়ামী লীগ সমর্থকরা। বাকি তিনটিতে বিএনপি সমর্থিত বিরোধী জোট জয়লাভ করে। এবার বার কাউন্সিল নির্বাচনে সর্বোচ্চ ভোট পান সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী আবদুল বাসেত মজুমদার।